# জিপি ইন্টারনেট ব্যবহার করবেন না ভালো কথা : জিপি মডেম দিয়েই নেট ইউজ করুন যে কোন অপারেটরের।

টিউন করেছেন : Sk Faisal | প্রকাশিত হয়েছে : ১১ জুলাই, ২০১১ | 526 বার দেখা হয়েছে | 15


অনেক দিন পর টেকটিউনসে টিউন করছি... ফাইনাল পরীক্ষা আর পার্সোনাল কিছু কাজে ব্যস্ত থাকার কারনে নিয়মিত টিউন করা হয়ে ওঠে না। কেমন আছেন আপনারা সবাই ? ভালো তো ! আমি আছি আল্লাহ'র রহমতে বেশ ভালো।

জিপি কানেকশন আর জিপি মডেম  নিয়ে অনেকই হয়তো বিপাকে পড়েছেন। কোন সময় নেট স্পিড কম আবার কোন সময় ভালো কোন প্যাকেজ নাই। এর সাথে নতুন সমস্যা যুক্ত হয়েছে বাংলাদেশ থেকে জিপি ইউজাররা ব্লগস্পট সাইট ওপেন করতে পাড়ছেন না। সব ব্যাপার গুলো ভেবেই অনেকে হয়তো চাচ্ছেন জিপি বাদ দিয়ে অন্য কোন অপারেটরের নেট কানেকশন চালাবেন। কিন্তু বাধ সাধে আবার সেই জিপি মডেম। জিপি'র মডেম দিয়ে তো আর অন্য কানেকশন চালান যাবে না, আরেক টা মডেম কিনতে হবে আরও কিছু টাকার ধাক্কা। আর এতসব ভেবেই চ্যাঞ্জ করার হচ্ছেনা দুনিয়ার সবচেয়ে ফালতু কানেকশন। আজ আমি আপনাদের মাঝে যে ব্যাপারটা শেয়ার করতে যাচ্ছি টা হচ্ছে... আপনি জিপি মডেম দিয়েই অন্য যে কোন অপারেটরের নেট কানেকশন চালাতে পারবেন। এভাবে হয়তো অনেকেই চালাচ্ছেন কিন্তু আমার মনে হয় না জানা লোকের সংখ্যাই অনেকে অনেক বেশি। আর তাদের জন্যই আমার আজকের এই টিউন। চলুন দেখে নেয়া যাক কিভাবে জিপি মডেম দিয়ে অন্য অপারেটরের নেট চালান যায়...


প্রথমে জিপি মডেমের বাইডিফল্ট সফটওয়্যার টি ওপেন করুন। এখন উপরেরে দিকের টুলস থেকে অপশন এ ক্লিক করুন (Tools > Options)।





এখন যে পেজ টা আসবে ওখান থেকে আপনাকে প্রফাইল ম্যানেজমেন্ট এ ক্লিক করতে হবে, নিচের ছবির মতোন...




প্রফাইল নাম হিসাবে জিপি ইন্টারনেট দেয়া থাকবে কিন্তু নতুন কানেকশনটার জন্য এখানে আপনাকে একটা নতুন প্রফাইল তৈরি করতে হবে। ডান দিকে New এ ক্লিক করুন।





নিচের পেজটার মতো একটা পেজ ওপেন হবে... এখনে আপনাকে Profile Name, APN এবং Access Number দিয়ে একটা নতুন প্রফাইল করতে হবে।




আচ্ছা চলুন কোন ইন্টারনেট কানেকশন এর জন্য কিভাবে আমরা কনফিগার করবো স্ক্রিন শটের মাধ্যমে দেখে নেয়া যাক।

**একটেলের জন্যঃ**


Profile Name এ Aktel type করুন। APN টা Static Select করে বক্সে internet/robi লিখুন। এখানে Access Number হিসাবে *99# দেয়া থাকবে আর যদি না থাকে তবে আপনাকে *99# লিখতে হবে। এখন Save এ ক্লিক করে Profile সেভ করুন এবং OK চেপে বেড়িয়ে আসুন। নিচের ছবির মতোন...




এখন মডেমে আপনার একটেল সিম ভোরে নিন আর জিপি'র ডিফল্ট Software এর Connection পেজ থেকে GP-internet এর পরিবর্তে Aktel কে Select করে Connect এ Click করুন। ব্যস হয়ে গেলে জিপি মডেমে একটেল নেট চালু|

**বাংলালিংকের জন্যঃ**


Profile Name এ Banglalink type করুন। APN টা Static Select করে বক্সে blweb লিখুন। এখানে Access Number হিসাবে *99# দেয়া থাকবে আর যদি না থাকে তবে আপনাকে *99# লিখতে হবে। এখন Save এ ক্লিক করে Profile সেভ করুন এবং OK চেপে বেড়িয়ে আসুন। নিচের ছবির মতোন...




এখন মডেমে বাংলালিংক সিম ভোরে নিন আর জিপি'র ডিফল্ট Software এর Connection পেজ থেকে GP-internet এর পরিবর্তে Banglalink কে Select করে Connect এ Click করুন । ব্যস হয়ে গেলে জিপি মডেমে বাংলালিংক নেট চালু।

**ওয়ারিদের জন্যঃ**


Profile Name এ Warid Internet type করুন। APN টা Static Select করে বক্সে internet লিখুন। এখানে Access Number হিসাবে *99# দেয়া থাকবে আর যদি না থাকে তবে আপনাকে *99# লিখতে হবে। এখন Save এ ক্লিক করে Profile সেভ করুন এবং OK চেপে বেড়িয়ে আসুন। নিচের ছবির মতোন...




এখন মডেমে আপনার ওয়ারিদ সিম ভোরে নিন আর জিপি'র ডিফল্ট Software এর Connection পেজ থেকে GP-internet এর পরিবর্তে Warid Internet কে Select করে Connect এ Click করুন । ব্যস হয়ে গেলে জিপি মডেমে ওয়ারিদ নেট চালু।

**টেলিটকের জন্যঃ**

Profile Name এ Teletalk type করুন। APN টা Static Select করে বক্সে gprsunl লিখুন। এখানে Access Number হিসাবে *99# দেয়া থাকবে আর যদি না থাকে তবে আপনাকে *99# লিখতে হবে। এখন Save এ ক্লিক করে Profile সেভ করুন এবং OK চেপে বেড়িয়ে আসুন। নিচের ছবির মতোন...




এখন মডেমে আপনার টেলিটক সিম ভোরে নিন আর জিপি'র ডিফল্ট Software এর Connection পেজ থেকে GP-internet এর পরিবর্তে Teletalk কে Select করে Connect এ Click করুন । ব্যস হয়ে গেলে জিপি মডেমে টেলিটক নেট চালু